# COURSE OUTCOME

## BENGALI (H)

## SEMESTER-I

### C-1 বাংলা সাহিত্যের ইতিহাস(প্রাচীন ও মধ্যযুগ)

প্রাচীন বাংলার সমাজ সংস্কৃতি, ও বাংলা সাহিত্যের প্রাচীন ও মধ্যযুগীয় সাহিত্যিক রূপটি জানা যাবে এই অংশটি পাঠ করে। মধ্যযুগের অন্তিম লগ্নে বাংলা সাহিত্যে রোমান্টিক প্রণয় আখ্যানের সূচনা কাদের দ্বারা হলো, ছাত্র ছাত্রী তা জানতে পারবে। বৈচিত্রময় বঙ্গ সংস্কৃতিতে বেড়ে ওঠা বাউল গানের, শাক্তপদাবলির স্বরূপ, কবিদের লিখন শৈলী বিষয় বস্তুর নতুনত্ব শিক্ষার্থী দের অবগত করা যাবে এই অংশটি পাঠ দানের মাধ্যমে।

### C-2 ভাষাতত্ব

বঙ্গ ভাষার উৎপত্তি বিকাশ ও স্থান গত রূপভেদ সম্পর্কে শিক্ষাদান এই অংশের অন্যতম উদ্দ্যেশ্য। এরসঙ্গে বঙ্গভাষা গঠনের ধ্বনি বিজ্ঞান গত নিয়ম, বাংলা শব্দ ভাণ্ডার সম্পর্কে বিশদ জ্ঞান দান এই অংশের অন্যতম উদ্দ্যেশ্য।

## SEMESTER-II

### C-3 বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

বালাভাষার গদ্য শৈলী বিকাশে ফোরট উইলিয়াম কলেজ ও সাময়িক পত্রের মাধ্যমে সাবালকত্ব অর্জন করলো। বাংলা গদ্যের বিকাশের চিত্রে সঙ্গে শিক্ষার্থীরা এই পর্বে পরিচিতি লাভ করবে। এর পরবর্তী তে বঙ্গসাহিত্যের নানা রীতি যেমন কাব্য, মহাকাব্য, নাটক, ছোটগল্প এর রচনায় মধুসূদন দত্ত, বিহারীলাল চক্রবর্তী, রবীন্দ্রনাথ দীনবন্ধু মিত্র তারাশঙ্কর বন্দ্যোপাধায় কৃতিত্ব ও প্রতিভা সম্পর্কে পরিচিত হবে।

### C-4 ছন্দ ও অলঙ্কার

কবিতার রসাস্বাদনে ছন্দ ও অর্থ উপলব্ধিতে অলঙ্কার জানা বিশেষ ভাবে গুরুত্বপূর্ণ। এ অংশে ছন্দের প্রকারভেদ ও ছন্দ নির্ণয়ে শিক্ষার্থীরা দক্ষ হয়ে উঠবে। সেই সঙ্গে অলঙ্কার এর স্বরূপ, প্রকারভেদ ও নির্ণয় করতে সক্ষম হবে।

## SEMESTER-III

### C-5 প্রাগাধুনিক সাহিত্য(প্রথম পর্যায়)

বৈষ্ণব পদাবলী গুলো  বাংলা রোমান্টিক  গীতিকবিতার সুর কে আরোও প্রসারিত করেছে। চণ্ডী দাস , গোবিন্দদাস, জ্ঞানদাস প্রমুখ কবি দের লিখিত পদগুলিতে রাধাকৃষ্ণের পূর্বরাগ, অভিসার, মাথুর ইত্যাদি বৈষ্ণবীয় প্রেম পর্যায় ও বৈষ্ণবীয় রস শাস্ত্র সম্পর্কে শিক্ষার্থীরা পরিচিত হবে।

C-6 সংস্কৃত কাব্যতত্ব ,সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের ইতিহাস

কাব্যজিজ্ঞাসা শিক্ষার্থীদের জ্ঞত করবে। কাব্য হয়ে উঠতে ধবনি ও রস এর মধ্যে কিসের প্রয়োজনীয়তা অধিক। বাংলা সাহিত্য কে সঠিক ভাবে মূল্যায়নের জন্য সমান্তরাল ভাবে  সংস্কৃত ও ইংরেজি সাহিত্য এর সঙ্গে পরিচয় থাকা বাঞ্ছনীয়। এ অংশে সংস্কৃত সাহিত্যে কালিদাস, ও ভবভূতি, বাণভভট্ট জয়দেব প্রমুখ সংস্কৃত কবি ও নাট্যকার ইংরেজি সাহিত্যে শেক্সপীয়র, ওয়ার্ডসওয়ার্থ এলিয়ট প্রমুখ নাটকার ও কবিদের দের রচিত সাহিত্য সম্পর্কে শিক্ষার্থী রা সম্যক জ্ঞান আহরণ করতে পারবে সেই সঙ্গে এই সংস্কৃত সাহিত্য ও ইংরেজি সাহিত্য গুলোর দ্বারা বাংলা সাহিত্যিকদের ভাবাদর্শ ও সাহিত্য সৃষ্টি কতটা প্রভাবিত করছে সেটি সম্পর্কে স্পষ্ট ধারণা জন্মাবে।

C-7 প্রাগাধুনিক বাংলা সাহিত্য ( দ্বিতীয় পর্যায়)

এ অংশে শিবায়ন  কাব্যে পৌরাণিক শিব কে অবলম্বন করে বর্ণিত সামাজ, দাম্পত্য, দারিদ্র জীবনের চিত্র আদতেই সেই সময়ের দলিল। একাব্য শিক্ষার্থীদের সেই সময় ও সমাজ কে চিনিয়ে দেয়। আদিদেব শিবের এক লৌকিক রূপ সম্পর্কে পরিচিত হবে। মৈমন সিংহ গীতিকা বাংলা সাহিত্যের উল্লেখযোগ্য আবিষ্কার। এই গীতিকা গুলোতে মহুয়া ও মলুয়া পালা চন্দ্রাবতীর পালা ইত্যাদির আখ্যানবস্তু ধারণ করে আছে সাধারণ নারীর প্রণয় ,ত্যাগ , বিচিত্র পেশার মানুষ দের জীবন যাপন। অদ্ভুত সরল ওই গীতিকা গুলো পাঠের দ্বারা সেময়ের মানুষের ভাষা, সংস্কৃতি, চিন্তন  শিক্ষার্থীদের ভাবনার জগত কে বিস্তার করবে।

## SEMESTER-IV

**C-8** রবীন্দ্রকাব্য, ছোটগল্পের সংরূপ

রবীন্দ্রনাথ ঠাকুরের নির্বাচিত কয়েকটি কবিতার মধ্য দিয়ে ছাত্রছাত্রীরা রবীন্দ্রমননের বহু বিচিত্র আলোকচ্ছটায় আলোকিত হয়ে উঠবে। বধূ কবিতায় একজন বধূর গ্রাম্য জীবনে ফেরবার আকাঙ্ক্ষা, বসুন্ধরা কাব্যে প্রকৃতি প্রীতি, ও মর্ত্য প্রীতি সাধারণ মেয়ে কবিতায় একজন সাধারণ মেয়ের আসাধারণ হয়ে ওঠার আখ্যান সম্পর্কে পরিচিত হয়ে উঠবে। ছোটগল্প সাহিত্যের একটি অন্যতম সংরূপ। এ অংশে ছোটগল্পের উদ্ভবের সময়, বিকাশ, বৈশিষ্ট্য সম্পর্কে জানতে পারবে।প্রভাতকুমার মুখোপাধ্যায় এর দেবী গল্পে মানুষের দেবীত্বে উপনীত হওয়ার মর্মান্তিক কাহিনী আদরিনী গল্পে মানুষ  ও পশুর মানবিক সম্পর্ক বলবান জামাতায়  হাস্যরস এগুলো ছাত্রছাত্রী দের সামাজিক বোধ, মানবিকতা বোধের বৃদ্ধি ঘটাবে।

C-9 নাটক ও নাট্যমঞ্চ

রবীন্দ্রনাথের ডাকঘর এর মধ্যে দিয়ে ছাত্রছাত্রীরা পরিচিত এমন এক বালকের সঙ্গে যার অনুসন্ধিৎসু ভ্রমণপিয়াসী মন গৃহের বদ্ধতা ,সীমাবদ্ধতা গোঁড়ামি থকে মুক্তি চেয়েছে। মৃত্যুর মধ্যে দিয়ে অমল মুক্তি পেয়েছে।মৃত্যু ও মুক্তি রবীন্দ্রনাথের এই নাটকে সমগোত্রীয় হয়ে উঠেছে। আনন্দ, মুক্তি কে পেতে গেলে আমাদের জগত ও জীবনের সঙ্গে জড়িত থেকেই তাকে উপলব্ধি করতে হবে এই সত্যটি শিক্ষার্থীরা উপলব্ধি করতে পারবে। নাট্যমঞ্চের ইতিহাস অংশটি ছাত্র ছাত্রীদের বাংলায় রঙ্গমঞ্চ প্রতিষ্ঠা, বিকাশ, সেময়ের নাট্য অভিনতা অভিনেত্রী, ইত্যদির রূপরেখা কে স্পষ্ট করে তুলবে ছাত্রছাত্রীদের।

C-10 উপন্যাসের সংরূপ ও উপন্যাস

সাহিত্যের একটি অন্যতমরূপ উপন্যাস। এই অংশটি উপন্যাসের নানা বিভাজন যেমন ঐতিহাসিক উপন্যাস, মনস্তাত্ত্বিক উপন্যাস, চেতনাপ্রবাহ উপন্যাস ইত্যাদির সংজ্ঞা লক্ষণ বাংলা সাহিত্যে তার দৃষ্টান্ত বিষয়ে অবগত হতে পারবে। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা বিষবৃক্ষ উপন্যাস টি পাঠের মাধ্যমে উনবিংশ শতাব্দীর সমাজ জীবন ও বঙ্কিম মানস সম্পর্কে ধারণা লাভ করবে।

SEMESTER-V

C-11 প্রবন্ধের সংরূপ ও প্রবন্ধ সাহিত্য

এই অংশে প্রবন্ধের নানা সংরূপ ব্যক্তি গত প্রবন্ধ, ভ্রমণ সাহিত্য, সমালোচনা সাহিত্য ইত্যদি বিষয় পাঠ করে শিক্ষার্থীদের সাহিত্যের বিভিন্ন ধরণের প্রবন্ধের বিষয়বস্তু , বৈশিষ্ট্য, বাংলা সাহিত্যে তার দৃষ্টান্ত বিষয়ে অবগত হবে। রামায়ণ ,মেঘদূত ,কাব্যের উপেক্ষিতা রবীন্দ্রনাথের এই প্রবন্ধ গুলো ছাত্র ছাত্রী দের সাহিত্য সমালোচনার নানা আঙ্গিক, কৌশল সম্পর্কে ধারণা জন্মাবে সেই সঙ্গে এই প্রাচীন সাহিত্যগুলো একজন আধুনিক উদার সমালোচকের সূক্ষ্ম দৃষ্টিতে দেখার নতুনত্ব শিক্ষার্থীদের নতুন ভাবনায় ভাবিত করবে।

C-12 কবিতার সংরূপ

উনবিংশ শতাব্দী শিক্ষা, সংস্কৃতির জাগরণে কাব্য, কবিতা, উপন্যাস রচনার এক জোয়ার আসে লিখিত হয় কাব্যের নানা সংরূপ। এই অংশে সেই কাব্যের নানা রূপ নিয়ে পরিচয় প্রদান একাব্যের মুখ্য উদ্দেশ্য। এখানে আখ্যানকাব্য, মহাকাব্য গীতিকাব্য সনেট এগুলোর লক্ষণ সংরূপ ও বাংলা সাহিত্যে তার নানাবিধ দৃষ্টান্ত বিষয়ে জ্ঞান সঞ্চার করবে। অবরুদ্ধ ব্যাক্তি মনের হৃদয়ভাবনা প্রকাশের তাগিদা এসময় বৃদ্ধি পেয়েছিলো সময়ের কারণেই। তাই লিখিত হয়েছে গীতিকবিতা। প্রভেদ, চন্দ্রাপীড়ের জাগরণ, গাও ভারতের জয় ইত্যদি কবিতা শিক্ষার্থীদের প্রেমভাবনা, প্রেমের বন্ধন, দেশপ্রেম নানা ভাবে মূর্ত করে তুলবে।

DSE-1A গুচ্ছ-ক, ছোটগল্প

রবীন্দ্রনাথের ক্ষুধিত পাষাণ, মধ্যবর্তিনী, প্রভৃতি গল্পের মাধ্যমে অতিপ্রাকৃত বাতাবহে অত্যাচারিত মানুষের অভিশাপ ও দাম্পত্য সম্পর্কের মনন এর রূপ সম্পর্কে অবগত হতে পারবে। নর নারীর সম্পর্কের বহুবিধ জটিল রূপ সম্পর্কেও জানতে পারবে এ পর্বের বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, মানিক বন্দ্যোপাধ্যায়ের নানা গল্পের মধ্যে দিয়ে।

DSE-1B গুচ্ছ-খ প্রবন্ধ(প্রথম পর্যায়)

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রম্যরচনামূলক প্রবন্ধ গুলির দ্বারা বাঙালি সমাজ ,সংস্কৃতি, মানব মনের কিছুটা ব্যঙ্গ মিশ্রিত চিত্র শিক্ষার্থীরা জানতে পারবে। তেমনি ইতিহাস, সংস্কৃতি সৌন্দর্য ইত্যদি বিষয়ে বহুমুখী জ্ঞান ধারণা লাভ করতে পারবে সুনীতি কুমার চট্টোপাধ্যায়, অবনীন্দ্রনাথ ঠাকুর প্রমুখ প্রাবন্ধিকের প্রবন্ধ পাঠ করে।

DSE-1C গুচ্ছ –গ, কবিতা

ব্যক্তিস্বাতন্ত্র্যবোধ ও নারীস্বাধীনতা উনবিংশ শতাব্দীর একটি বৈশিষ্ট। নারী কণ্ঠের প্রতিবাদী সুর ধরা পড়েছে মধুসূদন দত্তের বীরাঙ্গনা কাব্যের মধ্যে। এই কাব্যের অর্জুনের প্রতি দ্রৌপদী, পুরুরবার প্রতি উর্বশী কবিতার মধ্যে দিয়ে পৌরাণিক আখ্যানের পুনর্নির্মাণ কেমন ভাবে সম্পাদিত হয়েছে শিক্ষার্থীরা জানতে পারবে।

DSE-2A গুচ্ছ –ক, উপন্যাস ও ছোটোগল্প

আধুনিক সময়ের মানবমনের জটিলতা, আত্মজিজ্ঞাসা, দাম্পত্য সম্পর্কের সংকট নানারূপ এসময়ের মনঃসত্ত্ব কে বুঝতে সাহায্য করবে। সেই সঙ্গে আধুনিক গল্প লেখক দের লিখন শৈলী, নতুন জীবন জিজ্ঞাসা এগুলো সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা জন্মাবে। বিমল করের শীতের মাঠ গল্পটিতে রোগাক্রান্ত , শয্যাশায়ী নবেন্দুর অসহয়তা অক্ষমতা, ও তাঁর মনস্তত্ত্বের সঙ্গে লীন হয়ে থেকেছে তাঁর জানালার বাইরে ছড়িয়ে থাকা শীতের মাঠ, ডনাপলা গল্পে দাম্পত্য সম্পর্কের স্বরূপটি উদ্ঘাটিত হয়েছে ডনাপলার প্রেমের ত্যাগের মহিমায়, রস গল্পে মোতালেফের মধ্যে দিয়ে ব্যক্তি জীবিকা ও রূপের প্রতি আসক্তির দ্বন্দ্ব কে দেখানো হয়েছে, ভারতবর্ষ গল্পের মধ্যে দিয়ে মানুষের মনুষত্বের পরিচয় কেই বড়ো করে দেখান হয়েছে।

DSE-2B গুচ্ছ-খ,প্রবন্ধ( দ্বিতীয় পর্যায়)

ভারতচন্দ্র রায়ের সাহিত্য প্রতিভা, সাহিত্যের স্বরূপ কী , এদেশীয় সমাজব্যবস্থা বিষয়ে শিক্ষার্থীরা জানতে পারবে। সাহিত্য সমালচনামূলক প্রবন্ধ গুলো পাঠ করে প্রাচ্য সাহিত্য ধারা, পাশ্চাত্য সাহিত্য ধারা, আধুনিক সাহিত্যের স্বরূপ, বাংলা সাহিত্যে ট্রাজেডির ধরণ ইত্যাদি বিষয়ে শিক্ষার্থীদের ধারণা জন্মাবে।

DSE-2C গুচ্ছ-গ,কবিতা ও নাটক

জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের লেখা পুরুবিক্রম নাটকটি ঐতিহাসিক নাটক হিসেব বেশ জনপ্রিয়তা অর্জন করেছিলো। আলেকজান্ডার ও পুরুরবার যুদ্ধ অবলম্বনে লিখিত এই নাটকের দেশপ্রেম বোধ শিক্ষার্থীদের স্বদেশ প্রেমে ও বীরত্বের মন্ত্রে উদবুদ্ধ করে তুলবে। চিত্রা কাব্যের সিন্ধুপারে, জীবনদেবতা, বিজয়িনী কবিতা গুলোর দ্বারা রবীন্দ্রনাথের কবিভাবনার একটি অন্যতম জীবন দেবতাতত্ত্ব, পবিত্র প্রেমের ভাবনা সম্পর্কে অবগত হয়ে উঠবে শিক্ষার্থীরা।

505 BNGH SEC-1 সেমিনার প্রস্তুতকরণ ও উপস্থাপন

সেমিনার পত্র  লেখার নিয়ম রীতি সম্পর্কে ছাত্র ছাত্রীরা জানতে পারবে। তাঁদের পছন্দের বিষয় সম্পর্কে তাঁদের স্বতন্ত্র দৃষ্টিভঙ্গি প্রকাশ পাবে এই অংশটি পাঠ করে।

## SEMESTER-VI

C-13 নাটকের সংরুপ ও নাটক

এই অংশের নাটকের রূপ ও রীতি পাঠের দ্বারা শিক্ষার্থীরা নাতকেরই নানা রূপ যেমন, ট্র্যাজেডি, কমেডি পৌরাণিক নাটকের লক্ষণ তাঁর সূচনা ও বাংলা ও ইংরেজি সাহিত্যে তাঁর দৃষ্টান্ত বিষয়ে পরিচিত হবে।  গিরিশচন্দ্র ঘোষের জনা নাটকটি পাঠ করে শিক্ষার্থীরা পৌরাণিক  ঘটনা ও চরিত্রের মাধ্যমে পরিচয় লাভের পাশাপাশি  রাজনৈতিক ও সামাজিক ও দেশপ্রেম ভাবনা সম্পর্কেও ধারণা লাভ করতে পারবে।

C-14 হিন্দী সাহিত্যের ইতিহাস ও ভারতীয় সাহিত্য

ভারতেন্দু হরিশ্চন্দ্র থেকে প্রেমচন্দ পর্যন্ত পাঠের মধ্যে দিয়ে শিক্ষার্থীরা হিন্দী সাহিত্যের ইতিহাস সম্পর্কে ধারণা লাভ করতে পারবে। সেই সঙ্গে শান্তা রামের বাবা গল্প পাঠ করে  সন্তান ও পিতার মূল্যবান সম্পর্কের আখ্যান , আর. কে. নারায়ণের জ্যোতিষীর জীবনে একদিন গল্পের মধ্যে দিয়ে একজন জ্যোতিষীর পাপামোচনের চমৎকার কাহিনী সম্পর্কে শিক্ষার্থীরা জ্ঞান অর্জন করবে।

DSE-3A গুচ্ছ-ক, উপন্যাস

এই অংশটিতে মূলত দুটো উপন্যাস পাঠ করতে হবে। একটিতে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কপালকুণ্ডলা ও অন্যটি রবীন্দ্রনাথ ঠাকুরের ঘরে বাইরে । বাংলা সাহিত্যের ইতিহাসে দুটো উপন্যাসই অমূল্য সম্পদ বিশেষ। বাংলা  উপন্যাস রচনার আদিলগ্নে বঙ্কিমের লিখিত এই উপন্যাসটি পাঠ করে শিক্ষার্থীরা  বাংলা উপন্যাসের সূচনা লগ্নের উপন্যাসের ভাষা, গঠন কৌশল, চরিত্র রচনার গতিপ্রকৃতি সম্পর্কে ধারণা লাভ করবে। সেই সঙ্গে রোমান্সধর্মীতা, অদৃষ্টবাদ,অলৌকিকতা ও বঙ্কিমের আদর্শবোধ এর সং পরিচয় লাভ ও সর্বোপরি সাহিত্য রস কে আস্বাদন করেতে পারবে। রবীন্দ্রনাথের ঘরে বাইরে উপন্যাসে বঙ্গভঙ্গ আন্দোলনের প্রেক্ষাপটে লিখিত। উপন্যাসে কাহিনীটির সঙ্গে জড়িয়ে  থাকা স্বদেশপ্রেমের দ্বারা পাঠক পরিচয়ের সঙ্গে সঙ্গে

নারীদের স্বাধীনতা ও স্বাতন্ত্র্যবোধ ও বঙ্গভঙ্গ আন্দোলনের সঙ্গে জড়িত তৎকালীন বঙ্গবাসীদের দৃষ্টিভঙ্গির অন্তরসারশুন্যতা, আদর্শবোধ এরকম নানা বিষয় সম্পর্কে পরিচিত হতে পারবে শিক্ষার্থীরা।

DSE-3B গুচ্ছ-খ,ভ্রমণ ও জীবনীসাহিত্য

পালামৌ ভ্রমণ সাহিত্যটি বাংলা ভ্রমণ সাহিত্যের একটি অনবদ্য নিদর্শন। এক জোড়া নতুন চক্ষু নিয়ে সঞ্জীব চন্দ্র চট্টোপাধ্যায়ের সঙ্গে পাঠকেরাও যেন নতুন সৃষ্ট জগতের সঙ্গে পরিচিত হয়েছে। অরণ্য ও অরণ্যবাসী মানুষের জীবনাচরণ, পোশাক, সংস্কৃতির চিত্র পাঠকদের  কৌতূহলী ও ভ্রমণপিয়াসী করে তুলবে। অভিজ্ঞতার ভাণ্ডার কে করে তুলবে সমৃদ্ধ। শিবানাথ শাস্ত্রীর জীবনী গ্রন্থ আত্মচরিত গ্রন্থ পাঠের মধ্যে দিয়ে জীবনী গ্রন্থের বৈশিষ্ট্য সম্পর্কে জানতে পারবে। সেই সঙ্গে সমকালীন সমাজ, সংস্কৃতি সম্পর্কেও ধারণা লাভ করতে পারবে।

DSE-3C গুচ্ছ-গ,নাটক

দুর্ভিক্ষ, আত্মসম্মান বোধ, সামাজিক বৈষম্য, উচ্চশ্রেণির মানুষের ক্ষমতা ভোগ, বন্ধুত্ব, দারিদ্রতা, মমতা, দায়িত্ব বোধ, অবসাদ, দীর্ঘশ্বাস এবং একটি বেদনাদায়ক সমাপ্তির সংমিশ্রণ তুলসী লাহিড়ীর ‘‘ছেঁড়া তার’’নাটক।শিক্ষার্থীরা এই নাটক পাঠের মধ্যে দিয়ে এই অনুভূতির সঙ্গে পরিচিত হবে। একাঙ্ক নাটকের সৃষ্টি হয়েছে বিশ শতকে। মন্মথ মিত্রের মুক্তির ডাক,মোহিত চট্টোপাধ্যায়ের রাক্ষস এই একাঙ্ক নাটক গুলো বর্তমান ব্যস্ততম সময়ে অত্যন্ত প্রাসঙ্গিক হয়ে উঠেছে।

DSE-4A বাংলাদেশের উপন্যাস ও ছোটগল্প

চিলেকোঠার সেপাই উপন্যাসের মধ্যে দিয়ে বাংলা দেশের গণজাগরণের চিত্র সম্পর্কে জানতে পারবে। সেলিনা হোসেনের অরন্যকুসুম গল্পে এক নারীর জীবন সংরাম মানুষটি গল্পে এক ব্যাতিক্রমী পুরুষ চরিত্র সম্পর্কে জানতে পারবে। অন্যদিকে হুমায়ুন আহমেদের জলিলসাহেবের পিটিশন গল্পের একজন পিতার ন্যায্য সুবিচারের আশা, যন্ত্র গল্পের মধ্যে দিয়ে মানুষের যন্ত্রের উপর নির্ভরশীলতার পরিনাম সম্পর্কে  শিক্ষার্থীরা জানতে পারবে।

604 BNGH DSE-4B গুচ্ছ- খ, রবীন্দ্রনাথ ঠাকুরের প্রবন্ধ

রবীন্দ্রনাথের শিক্ষা প্রবন্ধগুলির ছাত্র ছাত্রীদের  শিক্ষা সমস্যা, বিদ্যালয় শিক্ষা স্ত্রীশিক্ষা , প্রকৃত শিক্ষার লক্ষ্য কী হওয়া উচিত এ বিষয় গুলো সম্পর্কে অবগত হবে। প্রাবন্ধিকের সাহিত্যসৌন্দর্যবিষয়ক প্রবন্ধ গুলো শিক্ষার্থী দের সাহিত্য হয়ে ওঠার নানা মাত্রা গুলো সম্পর্কে জ্ঞান অর্জন করতে পারবে।বাস্তবতা, সত্যতা সৌন্দর্য বোধের প্রয়োজনীয়তা নিয়ে ধারণা লাভ করতে পারবে।

604 BNGH DSE-4C গুচ্ছ-গ, কাব্যনাট্য

কাব্য ও নাটক কে পাঠক পাঠিকারা পৃথক ভাবে জেনেছে। কিন্তু এই অংশটি তাদের কাব্যনাটক নামক সাহিত্যের এক নতুন রীতি সম্পর্কে পরিচিত করে তুলবে। কাব্য নাটকের সংরুপ জানার পাশাপাশি তাঁরা দুটো বিখ্যাত কাব্য নাটক সম্পর্কে পরিচিত হবে। চিত্রাঙ্গদা ও তপস্বী তরঙ্গিণী র বিষয় উপস্থাপনার নতুনত্ব ও সাহিত্যবোধ ছাত্রছাত্রীদের চমৎকৃত করবে। চিত্রাঙ্গদা কাব্য নাট্যে বীর অর্জুনের থেকে উজ্জ্বল হয়ে উঠেছে চিত্রাঙ্গদার হৃদয়দ্বন্দ্ব, বাহ্যিক রূপ নয় সেটিতো খোলস মাত্র অন্তরের ব্যক্তিত্ব ও সৌন্দর্যই যে প্রকৃত মূল্যবান রবীন্দ্রনাথের এই জীবনবোধ শিক্ষার্থীদের স্নাত করে তুলবে।আধুনিকতার ধারণা টিকে নতুন করে বিশ্লেষণের যে পাঠ শুরু করেছিলেন কয়েকজন সাহিত্যিক তাঁদের মধ্যে অন্যতম বুদ্ধদেব বসু। তাঁর তপস্বী তরঙ্গিণী কাব্যনাট্যটি পাঠ করে আধুনিকতার সেই নব পাঠ ছাত্র ছাত্রীদের নতুন দৃষ্টিভঙ্গিটিকে জানান দেবে খুবই স্পষ্ট করে। এ কাব্যে আধুনিক মানুষের প্রেম,বেদনা, রোম্যান্টিক আবেগ যা সাধারণ দৃষ্টিভঙ্গিতে কামনা বলে বিবেচিত হয়, তারই পথে মানুষের উত্তরণের অসামান্য প্রকাশ শিক্ষার্থীদের নতুন ভাবনায় ভাবিত করে তুলবে। তাঁদের মধ্যে আধুনিক জীবনবোধের বিকাশা ঘটবে।

605 BNGH SEC-2 প্রকল্প

গৌড়বঙ্গের সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক এই প্রকল্প রচনা তাঁদের এ অঞ্চলের নানা সংস্কৃতি সম্পর্কে যেমন অবগত করে তুলবে তেমনই সেই বিষয়টি নিয়ে স্বাধীনভাবে প্রকল্প রচনা করার ফলে তাঁদের মধ্যে সাহিত্য ভাবনার বিকাশ ঘটবে, চিন্তাভাবনার প্রসার ঘটাবে, এবং কৌতূহলের বিকাশ ঘটিয়ে উচ্চতর গবেষণার স্পৃহা কে বাড়িয়ে তুলবে।

## সাধারণ পাঠক্রম

বাংলা সাম্মানিক ব্যাতীত অন্যান্য সাম্মানিক ও সাধারণ পাঠক্রমের শিক্ষার্থীদের জন্য

HONOURS COURSE-103 GE-1 PAPER CODE 101BNGG C-1

বাংলা সাহিত্যের ইতিহাস-

বাংলা ভাষার আদিমতম রূপ ও বাংলার প্রাচীন সমাজ জীবন ও বৌদ্ধ সহজিয়া সাধকদের সাধনার নানা দিক সম্পর্কে ধারণা হবে চর্যাপদ গুলো পাঠ করে। রাধা কৃষ্ণের প্রণয় লীলা কে অবলম্বন করে রচিত বৈষ্ণব সাহিত্য গুলো র মধ্যে দিয়ে গীতি কবিতার ধারা বাংলা সাহিত্য কে সমৃদ্ধ করেছিলো বৈষ্ণব পদাবলী গুলোর অভিসার, রুপল্লাস, ভাবোন্মাদ , মাথুর ইত্যদি পর্যায়ের পদগুলো শিক্ষার্থীদের নান সাহিত্য রসের আস্বাদ দিতে সক্ষম হবে। মঙ্গল কাব্য গুলো পাঠ করে মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল, ধর্মমঙ্গলের নানান কাহিনী গুলোর দ্বারা আঞ্চলিক দেব দেবীদের উচ্চ সমাজে পূজা প্রচার করার উদ্দেশ্য সম্পর্কে জানতে পারবে। তেমনি অবগত হবে মঙ্গল কাব্যের ধরণ, বৈশিষ্ট সম্পর্কে।ধারাবাহিক ভাবে বাংলা গদ্যের বিকাশ ঘটেছে ধীরে ধীরে। বদলেছে তাঁর প্রকাশভঙ্গী, ভাষা সংরূপ। বাংলা গদ্যের এই বিকাশে ফোরট উইলিয়াম কলেজের রামমোহন রায়, বিদ্যাসাগর ও সাময়িক পত্রের অবদান কতটা এই অংশ সেই ধারণা দেবে।

HONOURS COURSE 203 GE-2 201 BNGG C-2 ভাষাতত্ত্ব

বাংলা ভাষার সৃষ্টি ও বিকাশ ও বাংলা ভাষার পাঁচটি উপভাষা সম্পর্কে জানতে পারবে। সেই চঙ্গে ছন্দ স্বরবৃত্ত, মাত্রাবৃত্ত, অক্ষরবৃত্ত ছন্দ সম্পর্কে ও শব্দালঙ্কার সম্পর্কে জানতে পারবে।

HONOURS COURSE 304 GE-3 301BNGG C-3/503BNGG GE-1

ভ্রমণ সাহিত্য ও ছোটগল্প

পথেপ্রবাসে উপন্যাসটি পাঠ করে ভারতবর্ষ ও ইউরোপীয় সংস্কৃতির পার্থক্য জানতে পারবে ছাত্রছাত্রীরা। দেনাপাওনা গল্পের দ্বারা পণপ্রথার করুণ পরিণাম শিক্ষার্থীদের সচেতন করে মানবিক করে তুলবে। লম্বকর্ণ গল্পের মাধ্যমে মানুষের সঙ্গে পশুর সম্পর্কের এক নতুন রূপ ফুটে উঠেছে। যা শিক্ষার্থীদের সম্পর্কের এক নতুন রূপ কে ফুটিয়ে তুলবে।

HONOURS COURSE 404 GE-4 PAPER CODE- 401BNGG C-4/603BNGG GE-2

উপন্যাস ও নাটক

পণ্ডিত মশাই উপন্যাসে পুরুষতান্ত্রিক সমাজে একজন নারীর হৃদয়বেদনা, লাঞ্ছনা, অপমানের রূপটি সঙ্গে পাঠ পাঠিকারা পরিচিত হবে। পঞ্চাশের মন্বন্তরের করাল চিত্র ও সেই সঙ্গে সেই প্রতিকূলতার সঙ্গে মানুষের লড়ায়ে মানুষের জয়ের চিত্র অঙ্কিত হয়েছে এই নাটকে। যা শিক্ষার্থীদের মন্বন্তরের ভয়াবহতা, শোষণ সম্পর্কে জানবে তেমনি সব কিছু কে হারিয়ে বেঁচে থাকার দুর্দমনীয় মানসিকতা শিক্ষার্থীদের জীবনবোধ কে দৃঢ় করে তুলবে।

শুধুমাত্র সাধারণ পাঠক্রমের শিক্ষার্থীদের জন্য

501 BNGG DSE-1A গুচ্ছ-ক- ছোটগল্প

পোস্টমাস্টার গল্পে সীমিত ভাষায় একজন নিঃসঙ্গ যুবক পোস্টমাস্টার ও এক বালিকার সম্পর্কের এক রূপ প্রকাশ পেয়েছে যা সত্যিই অনবদ্য।ছুটি ও অতিথি গল্পে বন্ধনের বেড়াজাল ভেঙ্গে প্রকৃতির সঙ্গে একাত্ম হওয়ার ভাবনাই মুখ্য হয়ে উঠেছে। কার্যত এই গল্প গুলি পাঠ করে শিক্ষার্থীরা প্রকৃতির মাঝে মানবত্মার লীন হয়ে যাওয়ার যে রাবীন্দ্রিক ধারনার সঙ্গে পরিচিত লাভ করবে।রবীন্দ্র পরবর্তী প্রভাত কুমার মুখোপাধ্যায়ের দেবী গল্পে মানুষের মনুষ্যত্বের অতিরিক্ত দেবীত্বে উপনীত হওয়ার করুণ পরিণাম শিক্ষার্থীদের মনুষ্যত্বের মূল্যবোধ কে বাড়িয়ে তুলবে।

501 BNGG DSE 1-A গুচ্ছ- খ- উপন্যাস ও রবীন্দ্র কবিতা

হরপ্রসাদ শাস্ত্রীর বেনের মেয়ে উপন্যাসটি শিক্ষার্থীদের প্রাচীন বাংলার একটি অঞ্চলে বৌদ্ধ ও হিন্দু অধ্যুষিত জনজীবনের ইতিবৃত্ত সম্পর্কে অবগত হবে। কালিদাসের মেঘদূত কবিতা অবলম্বনে রচিত রবীন্দ্রনাথের মেঘদূত কবিতাটির ছন্দ সৌন্দর্য বোধ শিক্ষার্থীদের প্রভাবিত করবে।

501 BNGG DSE-1B গুচ্ছ-ক- উনিশ ও বিশ শতকের কবিতা

মধুসূদন দত্তের লেখা মিত্রক্ষর, বঙ্গভাষা ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ইত্যাদি চতুর্দশপদী কবিতা গুলোতে কবির নতুন আবিষ্কৃত ছন্দ , বঙ্গভাষার প্রতি কবির অনুরাগ, ঈশ্বরচন্দ্রের প্রতি কবির শ্রদ্ধার পরিচয় পাবে শিক্ষার্থীরা। সিন্ধু নদীকে প্রশস্তি করে লেখা সত্যেন্দ্রনাথের কবিতা সমুদ্রাষ্টক, এর ছন্দ পাঠক পাঠিকাদের মুগ্ধ করবে। ছাত্র ছাত্রীরা স্বদেশ, মনবতাবাদ ও জীবনদর্শনের বোধের দ্বারা পরিচিত হবে বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের জননী জন্মভূমিশ্চ কবিতার মধ্যে দিয়ে।

601 BNGG DSE-2B গুচ্ছ-খ- কাব্য ও নাটক

রৈবতক কাব্য পাঠের মধ্যে দিয়ে শ্রীকৃষ্ণের ধর্মরাজ্য গঠনের ব্রত ও অর্জুন ব্যাস ও কৃষ্ণের আলোচনা পাঠকদের পৌরানিক আখ্যান সম্পর্কে অবগত করবে।দেশভাগের প্রেক্ষাপটে মানুষের বাস্তুভিটা ত্যাগের চিত্র আছে বাস্তুভিটা নাটকের মধ্যে। দেশভাগের মধ্যে মানুষের জীবন জীবিকার যে নিদারুণ সংকটের মধ্যে পড়েছিল সে সম্পর্কে শিক্ষার্থীরা অবগত হবে।

304 BNGG SEC-1 দক্ষতা পরীক্ষণ (প্রথম পর্যায়)

কবিতা ও গল্প লিখন পরিবেশন করে শিক্ষার্থীরা সৃজনশীলতা যেমন বৃদ্ধি পাবে ঠিক তেমনি উপস্থাপনার মধ্যে দিয়ে তাদের বাচন ভঙ্গীমার বিকাশ ঘটবে।

504 BNGG SEC-2 দক্ষতা পরীক্ষণ (দ্বিতীয় পর্যায়)

সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সেমিনার পত্রের প্রস্তুত ও উপস্থাপন শিক্ষার্থীদের সাহিত্যের নানা বিষয় ও সংস্কৃতির নানা রীতি সম্পর্কে জ্ঞানের প্রসার ঘটিয়ে উচ্চতর গবেষণায় আগ্রহী করে তুলবে।

শুধুমাত্র সাধারণ স্নাতক পাঠ্যক্রমের শিক্ষার্থীদের জন্য

103 LC-1 BNGG2 BENGALI উপন্যাস ও ছোটগল্প

পল্লীসমাজ উপন্যাসে গ্রাম্য সমাজে চিত্র সম্পর্কে অবগত হবে শিক্ষার্থীরা।

203LC-1 BNGG2 BENGLI প্রবন্ধ ও নাটক

সরল ভাষায় বিজ্ঞানধর্মী এই প্রবন্ধটি পাঠ করে শিক্ষার্থীরা বিশ্বজগতের নানা বিষয় সম্পর্কে ধারণা লাভ করতে পারবে। ইংরেজ দের নীল চাষ কে অবলম্বন করে বাংলার চাষিদের যে নির্যাতন করে ছিলো সে সম্পর্কে ধারণা লাভ করতে পারবে।

স্নাতক বি ,.এ .বি,.এসসি.বি.কম.

সাম্মানিক ও সাধারণ পাঠক্রমের

সকল ছাত্র ছাত্রীর জন্য

## SEMESTER-II

204 AEC-2

অবশ্যপাঠ্য এই অংশটি দ্বিতীয় সেমিস্টারের সকল ছাত্র ছাত্রীদের পাঠ্য। এখানে রবীন্দ্রনাথ ঠাকুরের নজরুল ইসলাম সুভাষ মুখোপাধ্যায়ের শঙ্খ ঘোষের কবিতা স্থান পেয়েছে। তেমনি গুণী নানা প্রাবন্ধিকের প্রবন্ধ যেমন হিন্দু মুসলমান শিক্ষা ও বিজ্ঞান সৌন্দর্যতত্ব ইত্যাদি যেমন পাঠ্য হয়েছে অন্যদিকে মহানগর ,পালঙ্ক একাদশী বৈরাগী ইত্যাদি গল্প গুলিও শিক্ষার্থীদের পাঠ্য। বিশ্বকবির নব সৃজনের সুবিস্তৃত ধারাবাহিকতায় একটি স্মরণীয় বাঁকের নিদর্শন এবার ফিরাও মোরে কবিতাটি। রবীন্দ্রনাথের পূর্ববর্তী কবিতা গুলোর থেকে এই কবিতার স্বাতন্ত্র্যতা খুব সহজেই চোখে পড়বে শিক্ষার্থীদের। রোমান্টিকতার অলস আবেশের মোহ পরিত্যাগ করে যেভাবে বাস্তব পৃথিবীর সঙ্গে মিলিত হওয়ার সুতীব্র বাসনা জেগে ছিলো কবির মধ্যে এই কবিতাটি পাঠ করে ছাত্রছাত্রীরা সেই অনুভূতিকে স্পর্শ করতে পারবে। নজরুল ইসলামের অভিশাপ কবিতায় একজন ব্যর্থ প্রেমিকের অভিশাপের অন্তরালে তাঁর প্রেমিকার প্রতি নিখাদ ভালোবাসার বন্ধন পাঠক পাঠিকার চোখ এড়িয়ে যাবে না। বক্তার ব্যর্থতার বেদনা অন্যদিকে বক্তার প্রেমের সুমধুর স্মৃতি মিশ্রণে এক অসামান্য কবিতা

টি কবিতাটি পাঠক পাঠিকাদের অত্যন্ত মনোগ্রাহী হবে। মোগল সম্রাট বাবরের সংলাপের মধ্যে দিয়ে একজন পিতার আত্মত্যাগ ও মনুষ্যত্ব বোধ সম্পর্কে শিক্ষার্থীরা পরিচিত হবে।

সবার অংশগ্রহণে ভারতীয় যে মহান সভ্যতা গড়ে উঠেছে তাতে হিন্দু ও মুসলমান উভয় ধর্মের মানুষের ভূমিকাই গুরুত্বপূর্ণ তা হিন্দু মুসলমান প্রবন্ধের মধ্যে তিনি মুসলমান মর্যাদা ও অধিকার কে উল্লেখের পাশাপাশি হিন্দু ও মুসলমানের সম্প্রীতির যে দৃষ্টান্ত রেখেছেন হিন্দু ও মুসলমান প্রবন্ধের মধ্যে তাতে প্রবন্ধ রচনার নিরপেক্ষতা, যুক্তিপরম্পরা, সর্বোপরি প্রাবন্ধিকের উদারতা সম্পর্কে সম্মক জ্ঞান লাভ করবে। সৌন্দর্যতত্ত্ব প্রবন্ধের সৌন্দর্য সম্পর্কে শিক্ষার্থীরা ধারণা লাভ করতে পারবে।

এই পর্বের গল্পগুলো বিষয়ের বিচিত্রতার জন্য শিক্ষার্থীদের কাছে আকর্ষণীয় হবে। যেমন সমরেশ বসুর আদাব গল্পে দেশভাগের প্রেক্ষাপটে দাঙ্গার সমকালে দুটি ভিন্ন ধর্মের মানুষের মধ্যে মনুষ্যত্বের প্রতিষ্ঠা শিক্ষার্থীদের মানবিক ও উদার করে তুলবে। নরেন্দ্র মিত্রের পালঙ্ক গল্পের মধ্যে দিয়ে দেশভাগের নিদারুণ চিত্র ও মানুষের মধ্যে মানবিকতার বন্ধনের চমৎকার চিত্রের সম্পর্কে শিক্ষার্থীরা পরিচিত হবে।

## PROGRAMME OUTCOME OF BENGALI HONOURS AND GENERAL

সমাজ বিজ্ঞান পাঠ দানের মুখ্য উদ্দেশ্যই হলো শিক্ষার্থীদের মধ্যে সামাজিকতাবোধ ও মানবিকতাবোধ গড়ে তুলে আদর্শ মানব সম্পদে পরিণত করা। মহাবিদ্যালয়ের এই পাঠ্যসূচি তে অন্তর্ভুক্তএই বিষয় গুলো পাঠ করে শিক্ষার্থীদের বাংলা ভাষার উৎপত্তি ও তাঁর সাহিত্যিক নিদর্শন গুলোর সঙ্গে পরিচয় হবে। সেই সাহিত্যিক নিদর্শন গুলোর মধ্যে দিয়ে শিক্ষার্থীরা বঙ্গ সমাজ সংস্কৃতি, রীতিনীতি ,রাজনৈতিক চিত্র ও ক্রম বিবর্তনশীল মননশীলতার রূপান্তর সম্পর্কে অবগত হবে। সাহিত্য পাঠের এই পরিণাম প্রতিফলিত হবে শিক্ষার্থীদের মানবিকতা বোধ , সামাজিকতা বোধ, ও মননশীলতা ও বৌদ্ধিক বিকশের মধ্যে। পূর্ণ হয়ে উঠবে শিক্ষার্থীদের অভিজ্ঞতার ভাণ্ডার।বাংলা সাহিত্যের প্রাচীন যুগ মধ্য যুগ ও ভাষা তত্ত্ব বাংলা ভাষার প্রাচীন ও মধ্য যুগের সমাজ অর্থনীতি রাজনীতি ও ধর্মীয় সাধনার বৈচিত্র্য কে তুলে ধরবে সেই সঙ্গে বাংলা ভাষার উত্পত্তি ও আঞ্চলিক বিভাজন গুলো কে চিহ্নিত করতে সাহায্য করবে শিক্ষার্থীদের। বাংলা গদ্যের বিকাশে ফোরট উইলিয়াম কলেজ থেকে রামমোহন , বিদ্যাসাগরের ভূমিকা কে তুলে ধরার পাশাপাশি সমকালের সমাজ চিত্র কেও জানতে সাহায্য করবে । ইংরেজি সাহিত্য ও সংস্কৃত সাহিত্যের ইতিহাস পাঠের মধ্যে দিয়ে ভারতীয় সাহিত্য ও সংস্কৃতি ও ইউরোপীয় সাহিত্য সমাজ সংস্কৃতি সম্পর্কে অবগত হয়ে ভাষা ও সংস্কৃতি সম্পর্কে তুলনামূলক ধারণা তৈরী হবে। কবিতা ,উপন্যাস,

ছোটগল্প ,নাটক গুলোর দ্বারা  শিক্ষার্থীদের সাহিত্যবোধ বৃদ্ধি করার সঙ্গে সমাজ সংস্কৃতি রাজনীতি বিষয়ে  প্রজ্ঞান এর বিকাশ ঘটবে। সাহিত্য, সমাজ, সংস্কৃতি  কেন্দ্রিক সেমিনার পত্র লেখনির দ্বারা শিক্ষার্থীদের সাহিত্যের প্রতি আগ্রহ ও কৌতূহল কে বাড়িয়ে উচ্চতর শিক্ষাগ্রহণে ও গবেষণায়  উৎসাহী করে তুলবে।